# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৭৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ শহীদদেরকে শাহাদতবরণ করার জায়গায় ফিরিয়ে দেওয়ার নির্দেশ, যাতে তাদেরকে অন্যত্র দাফন করা না হয়

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْقَتْلَى مِنَ الشُّهَدَاءِ إِنَّمَا أُمِرَ بَرْدِهِمْ إِلَى مَصَارِعِهِمْ لِئَلَّا يُدفنوا فِي غيرها

আরবী

3174 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا شَيْبَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنِ الْأَسْوَدِ بْنِ قَيْسٍ عَنْ نُبَيْحٍ الْعَنَزِيِّ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: خَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ من المدينة إِلَى الْمُشْرِكِينَ لِيُقَاتِلَهُمْ فَقَالَ لِي أَبِي عَبْدِ اللَّهِ: يَا جَابِرُ لَا عَلَيْكَ أَنْ تَكُونَ فِي نُظَّار أَهْلِ الْمَدِينَةِ حَتَّى تَعْلَمَ إِلَى مَا يَصِيرُ أَمْرُنَا فَإِنِّي وَاللَّهِ لَوْلَا أَنِّي أَتْرُكُ بَنَاتٍ لِي بَعْدِي لَأَحْبَبْتُ أَنْ تُقتل بَيْنَ يَدَيَّ فَبَيْنَا أَنَا فِي النَّظَّارين إِذْ جَاءَ ابْنُ عَمَّتِي بِأَبِي وَخَالِي عَادَلَهُمَا عَلَى نَاضِحٍ فَدَخَلَ بِهِمَا الْمَدِينَةَ لِيَدْفِنَهُمَا فِي مَقَابِرِنَا إِذْ لَحِق رَجُلٌ يُنَادِي: أَلَا إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْمُرُكُمْ أَنْ تَرْجِعُوا بِالْقَتْلَى فَتَدْفِنُوهَا فِي مَصَارِعِهَا حَيْثُ قُتلت قَالَ: فرجعناهما مع القتلى حيث قتلت.
الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3174 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الأحكام)) (175).
قَالَ أَبُو حَاتِمٍ: فَرَجَعْنَاهُمَا أُضْمِرَ فِي: فَدَفَنَّاهُمَا.

বাংলা

৩১৭৪. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনা থেকে মুশরিকদের সাথে যুদ্ধ করার জন্য বের হন। তখন আমার বাবা আব্দুল্লাহ বলেন, “হে জাবির, তোমার জন্য কোন দূষনীয় হবে না, যদি তুমি মাদীনায় অবস্থানকারীদের মাঝে অবস্থান করো, যাতে তুমি জানতে পারো আমাদের পরিণতি সম্পর্কে। আল্লাহর কসম, যদি আমার পরে আমার মেয়েদের রেখে না যেতাম, তবে নিশ্চয়ই আমি ভালবাসতাম যে, তুমি আমার সামনে শাহাদাত বরণ করো। ফলে আমি মাদীনায়

অবস্থানকারীদের মাঝে থাকি। অতঃপর আমার ফুফাত ভাই আমার বাবা ও আমার মামাকে উটের উপর নিয়ে আসেন। তিনি তাদেরকে নিয়ে মদীনায় নিয়ে আসেন, মদীনায় আমাদের গোরস্থানে দাফন করার জন্য। এমন সময় এক ব্যক্তি এসে ঘোষনা দেয়, “জেনে রাখুন, নিশ্চয়ই আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনাদেরকে আদেশ করছেন তোমাদের মৃত ব্যক্তিদেরকে ফিরিয়ে নিয়ে তাদের শাহাদাতবরণ করার জায়গায় দাফন করাতে।”

রাবী বলেন, “তারপর আমরা তাদেরকে দুইজনকে অন্যান্য নিহত ব্যক্তিদের সাথে ফিরিয়ে নিয়ে যাই, যেখানে তারা শাহাদাত বরণ করেছেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “অতঃপর আমরা তাদেরকে দুইজনকে ফিরিয়ে নিয়ে যাই” এখানে উহ্য রয়েছে, “এবং তাদেরকে দাফন করি।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৯৭-৩৯৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92504

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন